

Model Activity Task 2021 September

Model Activity Task Part – 6 | Class- 7 | Science Poribesh

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | সেপ্টেম্বর সপ্তম শ্রেণী | পরিবেশ | পার্ট -৬

১. ঠিক উত্তর নির্বাচন কর :

১.১ যেক্ষেত্রে আলোর বিক্ষিপ্ত প্রতিফলন ঘটে না সেটি হল

(ক) দেয়াল (খ) কাগজ (গ) কাপড় (ঘ) **আয়না।**

১.২ যেটি পরিবেশবান্ধব শক্তির উৎস নয় সেটি হল

(ক) সূর্য (খ) বায়ুপ্রবাহ (গ) **জীবাশ্ম জ্বালানি** (ঘ) জৈব গ্যাস।

১.৩ রূপান্তরিত অর্ধবায়বীয় কাণ্ড দেখা যায় যে উদ্ভিদে সেটি হল -

(ক) আলু (খ) **কচুরিপানা** (গ) বেল (ঘ) কুমড়ো।

২. ঠিক বাক্যের পাশে ✓ আর ভুল বাক্যের পাশে 'x' চিহ্ন দাও :

২.১ কোন দণ্ডচুম্বকের জ্যামিতিক দৈর্ঘ্য তার চৌম্বক দৈর্ঘ্যের চেয়ে সামান্য কম হয়।

উ: ঠিক

২.২ কাণ্ডের যে অংশ থেকে শাখা বেরোয় তাকে পর্বর্মধ্য বলে।

উ: ভুল

২.৩ তেঁতুল পাতা হল একক পত্রের একটি উদাহরণ।

উ: ভুল

৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৩.১ চালু লাইনের কাজ করার সময় ইলেকট্রিক মিস্ত্রির কীসের ওপর দাঁড়িয়ে কাজ করা উচিত – লোহার চেয়ার না কাঠের টুল? কেন?

উ: চালু লাইনে কাজ করার সময় ইলেকট্রিক মিস্ত্রির কাঠের টুলের ওপর দাঁড়িয়ে কাজ করা উচিত, কারণ কাঠ ভালো অন্তরক পদার্থ। কাঠের উপর দাঁড়িয়ে সরবরাহ লাইনের তার স্পর্শ করলে বিদ্যুৎ, সংশ্লিষ্ট ব্যক্তির শরীরের মধ্যে দিয়ে প্রবাহিত হতে বাধা পায় তাই সুরক্ষামূলক ব্যবস্থা হিসেবে কাঠের টুলের ওপর দাঁড়িয়ে কাজ করা হয়।

৩.২ উদ্ভিদের মূলের প্রধান কাজ কী কী?

উ: (i) শাখা-প্রশাখা মূলের সাহায্যে গাছকে মাটির সঙ্গে দৃঢ়ভাবে আটকে রাখে।

(ii) মাটি থেকে জল ও জলে দ্রবীভূত খনিজ লবণ শোষণ করে।

(iii) শোষিত জল ও জলে দ্রবীভূত খনিজ লবণ কাণ্ডে প্রেরণ করে।

(iv) মূলো , গাজর ইত্যাদি গাছের মূল ভবিষ্যতের জন্য খাদ্য সঞ্চয় করে।

৪. তিন-চারটি বাক্যে উত্তর দাও :

৪.১ সুচিছিদ্র ক্যামেরার ছিদ্রটি বড় করা হলে প্রতিকৃতির কী পরিবর্তন হবে? ব্যাখ্যা কর।

উ: সুচিছিদ্র ক্যামেরার ছিদ্রটি বড় করা হলে প্রতিকৃতি আরো অস্পষ্ট হবে।

আসলে ছিদ্র বড় হলে তা অসংখ্য ছোট ছোট ছিদ্রের সমষ্টি রূপে কাজ করে প্রতিটি সূক্ষ্ম ছিদ্র এক একটি আলাদা আলাদা স্পষ্ট প্রতিকৃতি তৈরি করে। ফলে সমস্ত প্রতিকৃতি মিলেমিশে এক অস্পষ্ট প্রতিকৃতি তৈরি করে।

৪.২ সমুদ্রের মাছ কীভাবে নিজের দেহে জলের পরিমাণ স্বাভাবিক রাখে ব্যাখ্যা কর।

উ: সমুদ্রের মাছ নিজের দেহে জলের পরিমাণ স্বাভাবিক রাখতে যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করে সেগুলি হল -

(i) ঘন মূত্র উৎপন্ন করে, ফলে খুব কম জল দেহের বাইরে বের হয়।

(ii) ফুলকার মাধ্যমে দেহের অতিরিক্ত আয়ন ত্যাগ করে।

সমাধান

www.somadhan.info